

# কবিতা



কবিঃ প্রজ্ঞা মৌসুমী

email: [pragga\\_bina@yahoo.com](mailto:pragga_bina@yahoo.com)

## কিছু অবোধ্য আনন্দ

শরীরের টানে পুড়েছে ঘাস তবু এক মুঠো মাটি-তীরে স্থির অপেক্ষায়  
কাঁটাতারের ঘরে হয়েছে বন্দী সংযমী রাতের ছায়ায়।

দৃষ্টির অলখে সকালের সীমান্তে হেঁটে আসে কিছু উদ্বাস্ত শিশির  
বিলীনের আগে শিশিরের বুক লেগে দুফোঁটা অশ্রু ঘাসের।

বিস্ময়ে কাঁচপোকা দেখে: ঘাসের ভেজা পা এক তোড় সাগর-স্রোতে  
অশান্ত জলে শান্ত ঝিনুক-কুঁড়ি রেখেছে প্রথম দৃষ্টি সূর্যের প্রথম আলোতে।